

## বিজ্ঞপ্তি

নম্বর: ৮০.০০.০০০০.১০৪.৩৯.০০৮.২৪ - ৭৩

তারিখ: ২৭ চৈত্র ১৪৩১  
১০ এপ্রিল ২০২৫


**বিষয়: ২য় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, ডিসেম্বর-২০২৪ এ প্রতিবন্ধী প্রার্থীদের জন্য শুভিলেখক নিয়োগ।**

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২য় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, ডিসেম্বর-২০২৪ এর পরীক্ষায় প্রতিবন্ধী প্রার্থীদের মধ্যে যে সকল প্রার্থীর শুভিলেখক প্রয়োজন তাদের জন্য বাংলাদেশ সরকারী কর্ম কমিশন হতে শুভিলেখক নিয়োগ দেয়া হবে। শুভিলেখকের চাহিদা জানিয়ে আগামী ২০.০৪.২০২৫ তারিখের মধ্যে (অফিস চলাকালীন) পরিচালক (ইউনিট-৪), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, প্রধান কার্যালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা বরাবর আবেদন করার জন্য অনুরোধ করা হলো। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবে:

- ক. অনলাইনে আবেদনপত্রের কপি (Printed Hard Copy);
- খ. প্রার্থীর ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;
- গ. শুভিলেখকের প্রয়োজনীয়তা সম্পর্কে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত ডাক্তারি প্রত্যয়নপত্র;
- ঘ. সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধী পরিচয়পত্রের সত্যায়িত কপি।

২. উল্লেখ্য যে, নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে বর্ণিত কাগজপত্রসহ শুভিলেখকের জন্য আবেদন না করলে শুভিলেখক নিয়োগ করা হবে না।

৩. শুভিলেখকের জন্য আবেদিত প্রার্থী কেবল বাংলাদেশ সরকারী কর্ম কমিশন হতে প্রদত্ত অনুমোদিত শুভিলেখকের সহায়তায় পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

  
আসমাউল হসনা লিজা  
পরিচালক (উপসচিব)  
ফোন-৫৫০০৬৬২৫